দৈনিক
ইত্তেফাক

তারিখ 06 DEC 2016
পৃষ্ঠা ১৩ কলাম ২



রাবি (রাজশাহী) : বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে প্রতীকী অনশন করছে মহানগর মুক্তিযোদ্ধা কমান্ড —ইত্তেফাক

# নাতি-নাতনি কোটায় ভর্তির দাবিতে রাবিতে অনশন

■ রাবি (রাজশাহী) সংবাদদাতা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির জন্য নাতি-নাতনি কোটা চালুর দাবিতে প্রতীকী অনশন পালন করেছে মুক্তিযোদ্ধা সংসদের নেতৃবৃন্দ। গতকাল সোমবার সকাল ১০ টার দিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে রাজশাহী জেলা ও মহানগর মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডের যৌথ উদ্যোগে তারা এ কর্মসূচি পালন করে।

প্রতীকী অনশনে বক্তারা বলেন, 'রাজশাহী বিশ্ববিদ্যালয় বরাবরই স্বাধীনতা বিরোধীদের ঘাঁটি হিসেবে পরিচিত হয়ে আসছে। আমরা দেখেছি এখানে মুক্তিযুদ্ধের বিরোধীদের চাকরিতে নিয়োগ ও পদোন্নতি দেওয়া হয়। কিন্তু মুক্তিযোদ্ধা ও তাদের সন্তানদের সঠিক মুল্যায়ন করা হয় না।'

বক্তারা আরো বলেন, 'আমরা ২০১৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুক্তিযোদ্ধা নাতি-নাতনিদের ভর্তির কোটা চালু হওয়ার পর রাবির উপাচার্যের দপ্তরে গিয়েছিলাম, তিনি আমাদের আশ্বস্ত করেছিলেন। কিন্তু এখন পর্যন্ত তিনি কোনো পদক্ষেপ গ্রহণ করেননি।' আগামী তিনদিনের মধ্যে ফল না পেলে আরো কঠোর কর্মসূচির ঘোষণা দেবেন তারা।

রাজশাহী মহানগর সহকারী কমান্ডার আবুল বাশারের সঞ্চালনায় প্রতীকী অনশনে আরো বক্তব্য দেন রাজশাহী জেলা কমান্ডার ফরহাদ আলী, রাজশাহী জেলা সহকারী কমান্ডার আলী আসলান, সাবেক রাজশাহী জেলা কমান্ডার সাইদুর রহমান, মতিহার থানা কমান্ডার আব্দুল হান্নান, রাজপাড়া থানা কমান্ডার শুকুরউদ্দিন, রাজশাহী জেলা ইউনিট কমান্ডের নির্বাহী সদস্য আবুল হাসান খন্দকার, নির্বাহী সদস্য অ্যাড. আব্দুস সামাদ প্রমুখ।